SLST, PTET, UPTET, Group-C & D
সহকারী শিক্ষক ও শিক্ষাকর্মী নির্বাচনের জন্য

# ইন্টারভিউ এবং অ্যাপটিটিউড টেস্ট

(প্রাকটিস টিচিং-এর নমুনা সহ)

*Compiled & Edited by*


Educational Research Development & Review Committee
[ERDRC]



রীতা পাবলিকেশন(TM)
প্রকাশক ও পুস্তক বিক্রেতা
25B, বেনিয়াটোলা লেন, কলকাতা-700 009
Website: *www.ritapublication.com/www.ritapublication.in*

# সূচিপত্র (CONTENTS)


- পার্সনালিটি টেস্ট .. 1-4
- শিক্ষকতা পেশার সঙ্গে সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ বিষয় .. 5-20
- শিক্ষার অধিকার আইন, 2009 (RTE Act, 2009) .. 21-28
- পশ্চিমবঙ্গ .. 29-53
- পশ্চিমবঙ্গ সরকারের কিছু উল্লেখযোগ্য প্রকল্প .. 54-60
- সাধারণ জ্ঞান: .. 61-137
  - ইতিহাস .... 61-84
  - ভূগোল .... 85-100
  - পদার্থবিদ্যা .... 101-109
  - রসায়ন .... 110-116
  - জীববিদ্যা ও পরিবেশবিদ্যা .... 117-137
- ভারতীয় সংবিধান .. 138-148
- সাহিত্য .. 149-169
- খেলাধুলা .. 170-183
- শিখন তত্ত্ব (Theory of Learning) .. 184-208
- জাতীয় শিক্ষানীতি 2020 .. 209-211
- শ্রেণিকক্ষে পাঠদানকালে অনুসৃত আচরণসমূহ .. 212-252
- সাম্প্রতিক ঘটনাবলি .. 253-416

# পার্সনালিটি টেস্ট

পার্সনালিটি টেস্ট এখন খুবই কমন হয়ে গিয়েছে। আপনি মানুষ হিসেবে কেমন? আত্মকেন্দ্রিক নাকি মিশুক, আপনি কি চিন্তা করে সিদ্ধান্ত নেন নাকি আবেগ দিয়ে সিদ্ধান্ত নেন, আপনি কীভাবে তথ্য সংগ্রহ করেন, লোকজনের সঙ্গো কীভাবে মেশেন সেগুলি নির্ণয় করার জন্য কিছু টেস্ট আছে। এগুলিকে বলে সাইকোমেট্রিক টেস্ট। আপনাকে কিছু বিবৃতি বা লাইন দেওয়া হবে। আপনাকে হয়তো হ্যাঁ অথবা না বলতে হবে। খুব সোজা এই টেস্ট। আপনি টেরই পাবেন না কখন আপনি মানুষ হিসেবে কেমন সেটির পরীক্ষা হয়ে গেল। এই টেস্টের মাধ্যমে জানা যাবে আপনি একজন শিক্ষক হিসেবে কেমন, আপনি লিডার হিসেবে কেমন, আপনি টিমে কেমন কাজ করবেন। এই ধরনের পরীক্ষাগুলি অনেক রিসার্চের ফল। তাই চাইলেও ফলাফল অগ্রাহ্যের সুযোগ নেই।

উচ্চ-প্রাথমিক বা আপার প্রাইমারি স্তরে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই পার্সনালিটি টেস্ট একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। একজন পরীক্ষার্থীর বিষয়ের গভীরতা ও দক্ষতার পাশাপাশি শিক্ষকতার আদর্শের প্রতি তাদের কীরকম মনোভাব, তাদের কীরকম মানসিকতা, তাদের কী ধরনের চিন্তার স্তর, তাদের কী ধরনের ব্যক্তিত্ব—এইসব বিষয়গুলিকে পরিমাপ করার উদ্দেশ্যে এই ধরনের টেস্টের ব্যবহার করা হয়।

পার্সনালিটি টেস্ট-এ যে দুটি বিষয়ের উপর সবচেয়ে বেশি গুরুত্ব প্রদান করা হয়ে থাকে সেগুলি হল—

1. **প্রদর্শন দক্ষতা (Demonstration Skills):** যে দক্ষতা কোনো পাঠ্যবিষয়বস্তুকে অন্যের সামনে সহজভাবে উপস্থাপন করতে এবং মৌখিকভাবে তথ্য উপস্থাপনের দ্বারা বিষয়বস্তুকে বোধগম্য করতে সাহায্য করে তাকে আমরা প্রদর্শন দক্ষতা বলে থাকি। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই দক্ষতা যাচাই করা খুবই দরকার, কারণ—
   - এটি একটি মনোবিজ্ঞানসম্মত পদ্ধতি।
   - বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির বিকাশে সাহায্য করে।
   - বিষয়ের প্রতি প্রেষণা সঞ্চারে সাহায্য করে।
   - পর্যবেক্ষণ, যুক্তিসম্মত ও চিন্তাশক্তির সঠিক বিকাশ ঘটে।
   - এই পদ্ধতির দ্বারা বিষয়গত ধারণা স্পষ্ট হয়।
2. **যোগাযোগ দক্ষতা (Communication Skills):** Communication Skills বা যোগাযোগ দক্ষতা হল সেই দক্ষতা যা আমরা বিভিন্ন ধরনের তথ্য আদানপ্রদান করার সময় ব্যবহার করে থাকি। যোগাযোগ দক্ষতা শোনা, কথা বলা, পর্যবেক্ষণ এবং সহানুভূতির সঙ্গো জড়িত। Communication skills are abilities you use when giving and receiving different kinds of information. Some examples include communicating ideas, feelings or what's happening around you. শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই দক্ষতার যাচাই করা খুবই দরকার, কারণ—
   - শিক্ষার্থীদের সামনে নিজেকে তুলে ধরতে এই দক্ষতা সাহায্য করে থাকে।
   - এই দক্ষতার সাহায্যে খুব সহজেই শিক্ষক মহাশয় পাঠ্যবিষয়বস্তুকে উপস্থাপন করতে পারবেন।
   - যোগাযোগ দক্ষতার বিকাশ যে-কোনো ক্ষেত্রে নেতৃত্ব বিকাশের সুযোগ করে দেবে।